

ইসলামিক ফাউন্ডেশন

(প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)

নড়াইল জেলা কার্যালয়

ddifnarail16@gmail.com

স্মারকঃ ১৬.০১.৬৫০০.০২২.০০৩.০১.১৬

তারিখঃ ২৯/০১/২০২৪খ্রি.

বরাবর,

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,

.....উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা,

ডাকঃ, উপজেলাঃ নড়াইল/লোহাগড়া/কালিয়া

জেলাঃ নড়াইল।

বিষয়ঃ- জাতীয় শিশু কিশোর সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ এর উপজেলা ও জেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসংগে।

জনাব,

আসসালামু আলাইকুম।

ইসলামিক ফাউন্ডেশন নড়াইল জেলা কার্যালয় প্রতি বছরের ন্যায় এবারও জাতীয় শিশু কিশোর সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ এর উপজেলা ও জেলা পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠানের কর্মসূচী গ্রহণ করেছে। শিশুরাই জাতির ভবিষ্যত। জাতির বৃহত্তর স্বার্থে শিশু-কিশোরদের মাঝে নৈতিক মূল্যবোধ ও দায়িত্বানুভূতি জাগ্রত করা এবং অপসংস্কৃতির মোকাবেলায় ইসলামী সংস্কৃতির পুনরুজ্জীবনে ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে সরকারের একটি মহত কর্মসূচী। জাতীয় জীবনের সর্বস্বত্রে ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠার লক্ষ্যে গৃহীত এ বাস্তবমুখী প্রচেষ্টাকে সফল করে তুলতে আপনাদের সহযোগিতা আবশ্যিক।

মেধাবী ছাত্র-ছাত্রী খুঁজে বের করে জাতীয় পর্যায়ে বিজয় অর্জনের মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের ও নড়াইল জেলার সুনাম বৃদ্ধি করা এবং অপসংস্কৃতির মোকাবেলায় ইসলামী সংস্কৃতির বিকাশ সাধনে সরকারী এ মহতি কর্মসূচী বাস্তবায়নে বিগত বছরের ন্যায় এবারও আপনার প্রতিষ্ঠানের বাছাই করা প্রতিযোগীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার গ্রুপ বিন্যাসঃ-

০১। ক গ্রুপঃ- ১ম শ্রেণী হতে ৭ম শ্রেণী পর্যন্ত (স্কুল ও মাদ্রাসার ১২ বছর পর্যন্ত বয়সের ছাত্র-ছাত্রী)।

০২। খ (ছাত্র) গ্রুপঃ- ৮ম শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত ((স্কুল ও মাদ্রাসার ১৬ বছর পর্যন্ত বয়সের শুধুমাত্র ছাত্র)।

০৩। খ (ছাত্রী) গ্রুপঃ- ৮ম শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত ((স্কুল ও মাদ্রাসার ১৬ বছর পর্যন্ত বয়সের শুধুমাত্র ছাত্রী)।

প্রতিযোগিতার বিষয়ঃ-(উপজেলা ও জেলা পর্যায়ে)।

বিষয়	গ্রুপ-ক	গ্রুপ-খ(ছাত্র)	গ্রুপ-খ(ছাত্রী)
ক) ক্বিরাত	সূরা মাউন	সূরা আদ দোহা	সূরা আদ দোহা
খ) আজান	ছাত্রদের জন্য	ছাত্রদের জন্য	নেই
গ) কবিতা	কৃষকের ঈদ	সিন্দাবাদ	সিন্দাবাদ
	(কাজী নজরুল ইসলাম)	(ফররুখ আহমেদ)	(ফররুখ আহমেদ)

ঘ) ইসলামী গান ঃ- বাংলা ভাষায় রচিত যে কোন ইসলামী গান (হামদ ও না'ত) সকল গুরুপের জন্য।

ঙ) উপস্থিত বক্তৃতাঃ- সময় ৩ মিনিট। বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের অনুকৃতি।

চ) রচনাঃ- রচনার বিষয় তাৎক্ষনিকভাবে জানানো হবে। কলম সংগে আনতে হবে। কাগজ অফিস থেকে সরবরাহ করা হবে। সময়ঃ- ৩০ মিনিট।

ছ) ইসলামী জ্ঞানঃ-শুধুমাত্র জেলা পর্যায়ে ৩টি গুরুপে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। যে কোন ছাত্র-ছাত্রী এ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে। তবে একই প্রতিষ্ঠান থেকে প্রতি গুরুপে ৩ জন করে অনধিক ৯জন প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে। ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত ছোটদের “ইসলামী জ্ঞান” পুস্তিকা (ইতিপূর্বে বিতরণকৃত) থেকে ৭৫% এবং ২৫% পুস্তক বহির্ভূত ইসলামের ইতিহাস ও আদর্শ ভিত্তিক প্রশ্নের উত্তর দিতে হবে। কলম সংগে আনতে হবে। সময়ঃ- ১ঘন্টা।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

প্রতিযোগিতার নিয়মাবলী :

- ০১। কোন প্রতিযোগী ৩টির বেশী বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে না। একই প্রতিষ্ঠান থেকে প্রতি বিষয়ে ৩ জন করে ৩ টি গুরুপে অনধিক ৯ জন প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে। তবে অতিরিক্ত ইসলামী জ্ঞান প্রতিযোগিতায় সকল প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে।
- ০২। কোন অবস্থাতেই যুগ্ম বিজয়ী গ্রহণ করা হবে না।
- ০৩। প্রতিযোগিতার ফলাফল সম্পর্কে বিচারকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। এ ব্যাপারে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৪। কোন প্রতিযোগী নিয়ম শৃঙ্খলার পরিপন্থী এবং প্রতিযোগিতার স্বার্থ বিরোধী কোনরূপ আচরণ অথবা কোন অসদাচরণ করলে কর্তৃপক্ষ তার অংশগ্রহণ বাতিল করার ক্ষমতা রাখে।
- ০৫। উপজেলা পর্যায়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী জেলাপর্যায়ের প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে।
- ০৬। জেলা পর্যায়ে বিজয়ীদের পুরস্কার ও সনদপত্র দেয়া হবে এবং উপজেলা পর্যায়ে শুধুমাত্র সনদপত্র প্রদান করা হবে।
- ০৭। প্রতিযোগিতা গুরুপ কমপক্ষে ১৫ মিনিট পূর্বে প্রতিযোগিতা স্থলে উপস্থিত থাকতে হবে।

প্রতিযোগিতার স্থান ও সময়ঃ— উপজেলা পর্যায়ের ঃ-সকাল ৯.৩০টা।

- (ক) সদর উপজেলা- দুর্গাপুর দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা, নড়াইল
- (খ) কালিয়া উপজেলা - কালিয়া পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়
- (গ) লোহাগড়া উপজেলা- আল জামেয়াতুল ইসলামিয়া ফাজিল মাদ্রাসা

তারিখঃ ০৬/০২/২০২৪খ্রি.
তারিখঃ ০৫/০২/২০২৪খ্রি.
তারিখঃ ০৭/০২/২০২৪খ্রি.

জেলা পর্যায়ের প্রতিযোগিতার স্থান ও সময় :

সকল গ্রুপ একত্রে। পরবর্তী সময় জানানো হবে।

সা:


মিজানুর রহমান
উপ-পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন নড়াইল।

স্মারকঃ ১৬.০১.৬৫০০.০২২.০০৩.০১.১৬

তারিখঃ ২৯/০১/২০২৪খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১. জেলা শিক্ষা অফিসার প্রাথমিক/মাধ্যমিক, নড়াইল।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল।
৩. উপজেলা শিক্ষা অফিসার, সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল।
৪. সংশ্লিষ্ট নথি /গার্ড ফাইল


মিজানুর রহমান
উপপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন নড়াইল।